



সত্যের সন্ধানে নিতীক

THE DAILY JUGANTOR

যুগান্তর

ঝুগান্তর, ০৭-১২-২০২২, পৃষ্ঠা- ০৮

উদ্যোক্তা তৈরির অনন্য প্রতিষ্ঠান ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

দেশের প্রথিতযশা শিক্ষাবিদ, শিল্পাঙ্গভূলি ও গুণী মানুষের হাত ধরে প্রায় ২৭ বছর আগে যাত্রা শুরু করেছিল ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বোর্ড প্রেসিডেন্ট ও উপাচার্য ছিলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বর্তমানে ট্রাস্টি বোর্ডের চেয়ারপ্রারসনের দায়িত্ব পালন করছেন সাবেক তত্ত্঵বিদ্যাক সরকারের উপদেষ্টা এবং এপেক্ষা প্রাপ্তের চেয়ারম্যান সৈয়দ মজুর এলাহী। এখানে তুলনামূলক কম খরচে মানসম্পন্ন উচ্চশিক্ষা পাওয়া যায়। একইসঙ্গে টিউশন ফি থেকে অর্জিত আয়সমূহ নানা ধরনের বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীদের কল্যাণে বায় করা হয়। যে কারণে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বেশিরভাগ শিক্ষার্থীই মধ্যবিত্ত পরিবার থেকে আসে। বগতে গেলে, দেশের মধ্যবিত্ত পরিবার আর নারী শিক্ষার্থীদের প্রধান আস্থার জায়গা হয়ে উঠেছে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়।

প্রতিষ্ঠার আড়াই দশক পর দেশ ও সমাজের কল্যাণে আরও বেশি করার চেষ্টা করার হাত ধরে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। দেশের আর্থ-সামাজিক কল্যাণে নতুন উদ্যোক্তা তৈরিতে হাত দিয়েছেন তারা। এ দেশে প্রতিবছর লাখ লাখ নতুন স্নাতক শ্রমবাজারে ঘুর্ঞ হচ্ছে, কিন্তু সে তুগলায় নতুন কর্মসংস্থান তৈরি হচ্ছে না। আবার স্নাতকরা চাকরি করতে গিয়ে প্রতিষ্ঠানের নিয়মকানুনের মধ্যে

নিজেদের ধারণ করা আইডিয়াগুলোও বাস্তবায়ন করতে পারছে না। যার ফলে তারাও উৎসাহ হারাচ্ছেন, দেশেও বঞ্চিত হচ্ছে। অথচ আজকের পশ্চিমের বড় বড় জায়ান্ট প্রতিষ্ঠানগুলোর ইতিহাস খুঁজলে দেখা যায়, এসব স্টার্টআপ এ ধরনের তরঙ্গদের হাত ধরেই শুরু হয়েছিল।

বাংলাদেশের ক্ষেত্রে সেসব স্বপ্নবান তরঙ্গদের জন্য



ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট সেন্টার (EDC)। এর প্রধান উদ্দেশ্য সামাজিকভাবে দায়িত্বশীল উদ্যোক্তা তৈরি করা; যারা শুধু বাবসাহিক উদ্যোগই প্রতিষ্ঠা কিংবা স্ব-কর্মসংস্থান করবে না, বরং বাংলাদেশের তরঙ্গদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করবে এবং অর্থনৈতিকে ইতিবাচক অবদান রাখবে। ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এন্টারপ্রেনারশিপ

ডেভেলপমেন্ট সেন্টার এক বছরের পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা Post Graduate Diploma in Entrepreneurship Development (PGDED) প্রোগ্রাম চালু করেছে। এ কোর্সের আওতায় আর্থী স্নাতকরা তাদের নিজস্ব ব্যবসা শুরু করার জন্য প্রশিক্ষণ পাবেন এবং এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট সেন্টার তাদের গাইড করবে। এখানে দেশের প্রতিষ্ঠিত উদ্যোক্তারা এবং পারিবারিকভাবেও প্রতিষ্ঠিত সফল উৎপাদন ও ব্যবসা প্রতিষ্ঠানের কর্মধারীরা ক্লাস নেবেন, প্রশিক্ষণ দেবেন। যেখানে তারা ব্যবসা শুরু থেকে পরিচালনার বিভিন্ন ধাপ, প্রতিবন্ধকতা এবং তা থেকে উত্তরাধিকার জন্য তাদের অভিজ্ঞতালক প্রারম্ভ দেবেন। এ কোর্সের ক্লাস হবে ছুটির দিনে; ফলে চাকরিজীবীরাও কোর্সটি করতে পারবেন। আবার সবচেয়ে বড় সুব্যবর হচ্ছে, কোর্স শেষে সেরা স্টার্টআপগুলোর জন্য প্রারম্ভিক মূলধন সহায়তা দেবে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়।

এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট সেন্টারের সম্পর্কে আশাবাদ ব্যক্ত করে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম.এম. শহিদুল হাসান বলেন, আমাদের প্রত্যাশা এ সেন্টারের মাধ্যমে আমরা ভালো মানের উদ্যোক্তা তৈরি করতে পারব। একইসঙ্গে এ ধরেন কোর্সের মাধ্যমে ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় দেশের সামাজিক উন্নয়নেও সম্পূর্ণ হচ্ছে।